



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং- বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৮৫

০২ মে ২০১৬

## নির্দেশনা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, Securities and Exchange Ordinance, 1969 এর ধারা 20A এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৮১ -তে প্রদত্ত ক্ষমতাবলে, মিউচুয়াল ফান্ডের স্কীমের অবলুপ্তির পর ইউনিট মালিকগণের প্রাপ্য সমুদয় অর্থ ফেরত প্রদানে সুবিধাজনক পন্থা গ্রহণে তথা বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করিল; যাহা অনতিবিলম্বে কার্যকর হইবে, যথা:-

- (ক) মিউচুয়াল ফান্ডের ইউনিট মালিকগণকে অবলুপ্তি পরবর্তী বন্টনযোগ্য অর্থ সংশ্লিষ্ট ট্রাস্টি ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (EFTN) এর মাধ্যমে ফেরৎ প্রদান করিবে;
- তবে শর্ত থাকে যে, অর্থ প্রদানের ক্ষেত্রে মার্জিন শ্রেণীভুক্ত গ্রাহকদের (বিও হিসাবসমূহের) প্রাপ্য অর্থ একত্রে মার্জিন গ্রাহকদের সংশ্লিষ্ট ডিপিকে ট্রাস্টি EFTN এর মাধ্যমে প্রদান করিবে;
- (খ) দফা (ক) এর শর্তাংশে উল্লিখিত অর্থ প্রদান করিবার পর সংশ্লিষ্ট ডিপি ইউনিট মালিকগণের তালিকা অনুযায়ী তাহা সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের হিসাবে পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে প্রদান করিবে;
- (গ) দফা (ক) সম্পর্কিত প্রত্যেক মার্জিন ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ডিপি অনুযায়ী মার্জিন গ্রাহকের তালিকা ও বিবরণ, ফান্ডের ট্রাস্টি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, ট্রাস্টিকে অবহিত করিবে এবং অর্থ বিতরণের পর উহার একটি প্রতিবেদন পরবর্তী ২ (দুই) কার্য দিবসের মধ্যে ট্রাস্টিকে প্রদান করিবে;
- (ঘ) মিউচুয়াল ফান্ডের যেই সকল ইউনিট মালিকগণকে কোন যৌক্তিক কারণে EFTN এর মাধ্যমে অর্থ প্রদান সম্ভবপর না হয়, শুধুমাত্র সেই সকল ক্ষেত্রে ক্রসড চেক বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে সংশ্লিষ্ট ট্রাস্টি অর্থ ফেরৎ প্রদান করিবে;
- (ঙ) উল্লিখিত সকল ক্ষেত্রেই অর্থ ফেরত প্রদানে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৫৪(২) এ বর্ণিত সময়সীমা অনুসরণ করিতে হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

ড. এম. খায়রুল হোসেন

চেয়ারম্যান।